

## শিক্ষকদের আন্দোলনের কর্মসূচী

ইত্তেফাক রিপোর্ট ॥ গত-  
কাল (বৃহস্পতিবার) জাতীয়  
প্রেসক্রাবে আয়োজিত সাংবাদিক  
সম্মেলনে কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম  
লিয়ার্জে কমিটির নেতৃবৃন্দ ট্রাষ্ট  
(শেষ পৃ: ৫-এর ক: ৩:)

### শিক্ষকদের (১ম পৃ: পর)

ফাও কমপক্ষে ১৫ কোটি টাকা  
প্রদানের জন্য প্রধানমন্ত্রীর প্রতি  
আহ্বান জানাইয়াছেন। সাংবাদিক  
সম্মেলনে মূল বক্তব্য রাখেন  
লিয়ার্জে কমিটির সমন্বয়কারী  
অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ।  
সাংবাদিক সম্মেলনে বেসরকারী  
শিক্ষকদের জন্য সরকারী শিক্ষ-  
কদের অনুরূপ পূর্ণাঙ্গ বেতন  
স্বল্প চালু ট্রাষ্ট বোর্ড পুনর্গঠন,  
প্রধানমন্ত্রীর নির্দেশে গঠিত উচ্চ-  
ক্ষমতা সম্পন্ন কমিটির সুপ-  
রিশমালা বাস্তবায়ন ও চাকুরী  
নিরাপত্তা আইন প্রণয়নসহ  
বিভিন্ন দাবী বাস্তবায়নে আন্দো-  
লনের কর্মসূচী ঘোষণা করা হয়।  
কর্মসূচীর মধ্যে রহিয়াছে : ২৯শে  
মার্চ হইতে ৪ঠা এপ্রিল থানা ও  
জেলা পর্যায়ে সংগ্রাম কমিটি গঠন  
ও গণসংযোগ; ৩০শে মার্চ থানা  
সদরে ও ৪ঠা এপ্রিল জেলা সদরে  
কালোবাজ ধারণ সমাবেশ মিছিল  
ও স্মারকলিপি পেশ; ৭ই এপ্রিল  
সকল বেসরকারী স্কুল কলেজে  
ধর্মঘট ও মিছিল এবং ১২ই  
এপ্রিল সকাল ১০টায় জাতীয়  
প্রেসক্রাবের সামনে শিক্ষক মহা-  
সমাবেশ ও অবস্থান ধর্মঘট। ১২ই  
এপ্রিলের পূর্বে দাবী পূরণ না  
হইলে অবিরাম ধর্মঘটের কর্মসূচী  
নেওয়া হইবে বলিয়া জানান হয়।  
লিয়ার্জে কমিটির আহ্বায়ক মো:  
কামরুজ্জামান, শেখ আমানুল্লাহ ও  
ড: আবু তারুজ্জামান বিভিন্ন  
প্রশ্নের উত্তর দেন।

139